অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/7/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

2019 নিউইয়র্ক ওয়াইন ক্লাসিক বিজয়ীদের গভর্নর অ্যান্ড্রু কুওমো'র অভিনন্দন

34-তম বার্ষিক প্রতিযোগিতায় নিউইয়র্কের বিশ্ব মানের মদের প্রতি আলোকপাত

সিক্স মাইল ক্রিক ভিনইয়ার্ডস (Six Mile Creek Vineyard)-কে গভর্নর'স কাপ পুরস্কার প্রদান

ওয়াগনার ভিনইয়ার্ডস (Wagner Vineyards) 'ওয়াইনারি অব দ্য ইয়ার' ('Winery of the Year') হিসাবে অভিহিত

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউইয়র্কের সেরা মদকে তুলে ধরে নিউইয়র্ক ওয়াইন অ্যান্ড গ্রেপ ফাউন্ডেশন (New York Wine & Grape Foundation) আয়োজিত জাতীয়ভাবে স্বীকৃত প্রতিযোগিতা, 34তম নিউইয়র্ক ওয়াইন ক্লাসিকের বিজয়ী ঘোষণা করেছেন। এ বছর গভর্নর'স কাপের সবচেয়ে সম্মানজনক ক্লাসিক পুরস্কার প্রদান করা হয় ফিঙ্গার লেকস অঞ্চলের সিক্স মাইল ক্রিক ভিনইয়ার্ড এর 2016 কেবারনেট ফ্রাঙ্ক (2016 Cabernet Franc)-কে। এছাড়াও ফিঙ্গার লেকস অঞ্চল থেকে ওয়াগনার ভিনইয়ার্ডসকে 'ওয়াইনারি অব দ্য ইয়ার' পুরস্কার প্রদান করা হয়। ফল বা মধু-জল থেকে তৈরি মদের জন্য সংরক্ষিত স্পেশালিটি ওয়াইন চ্যাম্পিয়ন (Specialty Wine Champion) পুরস্কার প্রদান করা হয় জনসন এস্টেট ওয়াইনারি (Johnson Estate Winery)-কে, তাদের প্যাশনেট পিচ ফলের মদের জন্য।

"নিউইয়র্ক ওয়াইন ক্লাসিকের বিজয়ী নিউইয়র্কের সেরা মদ প্রস্তুতকারকের প্রতিনিধিত্ব করে এবং এই পুরস্কার অর্জনকারী মদ তৈরিতে যে উদ্ভাবন এবং উচ্চমানের উৎপাদন প্রক্রিয়ার প্রয়োজন হয় তা ভাষায় প্রকাশ করা যায় না", **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো।** "এসব মদ প্রস্তুতকারী এবং আঙ্গুর উৎপাদনকারীর কৃতিত্বের জন্য তাদেরকে সহায়তা করে নিউইয়র্ক গর্বিত এবং তারা নিউইয়র্কে আমাদের পর্যটন ও কৃষি শিল্পের এক গুরুত্বপূর্ণ উপাদান। আমরা মদপ্রেমীদেরকে নিউইয়র্ক অঙ্গরাজ্যের সর্বত্র স্বাগত জানাতে আগ্রহী, যাতে তারা নিজেরা আমাদের মদের অভিজ্ঞতা অর্জন করতে পারে।"

"নিউইয়র্ক হল কয়েকটি সেরা মদের সূতিকাগার এবং আমাদের স্থানীয় উৎপাদকরা যে দুর্দান্ত পানীয় সরবরাহ করে, নিউইয়র্ক ওয়াইন ক্লাসিক তা তুলে ধরে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই শিল্পে অঙ্গরাজ্যের বিনিয়োগের মাধ্যমে আমরা এটা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যে, উৎপাদক এবং মদ প্রস্তুতকারকদের বিকাশ এবং সাফল্যের জন্য সহায়তা অব্যাহত থাকবে।"

একটি বড় রৌপ্য পাত্রের গভর্নর'স কাপ "সেরা নিদর্শন" ("Best of Show") বা নিউইয়র্ক ওয়াইন ক্লাসিকের সমস্ত এন্ট্রির ভিত্তিতে শীর্ষ পুরস্কারের স্বীকৃতি। "ওয়াইনারি অব দ্য ইয়ার" পুরস্কারটি এন্ট্রিসমূহের পর্যায় এবং পুরস্কার সংখ্যার ভিত্তিতে সামগ্রিকভাবে সেরা মদ প্রস্তুতকারককে প্রদান করা হয়। এই গ্রীষ্মের শেষের দিকে এক বিশেষ অনুষ্ঠানে গভর্নর'স কাপ এবং ওয়াইনারি অব দ্য ইয়ার বিজয়ীদের পুরস্কার প্রদান করা হবে।

নিউইয়র্কের মদ প্রতিযোগিতার "অস্কার" হিসাবে খ্যাত নিউইয়র্ক ওয়াইন ক্লাসিক অঙ্গরাজ্য জুড়ে 458 এর বেশি মদ প্রস্তুতকারকের জন্য উন্মুক্ত। ওয়াটকিনস গ্লেন (Watkins Glen), নিউইয়র্কে গত তিন দিন ধরে এই মদ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং অঙ্গরাজ্য জুড়ে 113 টি মদ প্রস্তুতকারকের 883 টি এন্ট্রি এতে অন্তর্ভুক্ত হয়। অঙ্গরাজ্য ও বিশ্ব থেকে 20 জনেরও বেশি বিশেষজ্ঞ বিচারকের একটি প্যানেল মোট 31 টি ডাবল গোল্ড, 56 টি গোল্ড, 287 টি সিলভার এবং 320 টি ব্রোঞ্জের পদক প্রদান করেন।

নিউইয়র্ক ওয়াইন অ্যান্ড গ্রেপ ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক স্যামুয়েল ফিলার বলেন,
"নিউইয়র্কের সেরা মদের প্রতি সম্মান প্রদর্শনের জন্য নিউইয়র্ক ওয়াইন ক্লাসিক হল আমাদের বৃহত্তম বার্ষিক আয়োজনগুলোর একটি। আমরা এ বছরের সমাগমে উদ্দীপ্ত। ক্লাসিক এবং আমাদের বার্ষিক নিউইয়র্ক ড্রিঙ্কস নিউইয়র্ক (NY Drinks NY) আয়োজনগুলো নিউইয়র্ককে সত্যিকার আকর্ষণীয় এবং উদ্ভাবনীমূলক মদের অঞ্চল হিসাবে পরিচিত হতে সহায়তা করে।"

গভর্নর এছাড়াও নিম্নলিখিত মদের জন্য "সেরা বিভাগ" ("Best of Category") এবং "সেরা শ্রেণি" ("Best of Class") এর বিজয়ী ঘোষণা করেন:

"সেরা বিভাগ" বিজয়ী:

<u>সেরা সফেন মদ (Best Sparkling Wine)</u>
হার্বস ভিনইয়ার্ড (Harbes Vineyard), ব্লাঙ্ক ডি ব্লাঙ্কস (Blanc de Blancs)

<u>সেরা সাদা মদ (Best White Wine)</u>
ওয়াগনার ভিনইয়ার্ডস, 2017 ড্রাই রিজলিং (2017 Dry Riesling), স্টেট গ্রোন (Estate Grown)

<u>সেরা রোজ ওয়াইন (Best Rosé Wine)</u>
কফি পট সেলার্স (Coffee Pot Cellars), 2018 রোজ (2018 Rosé)

<u>সেরা লাল মদ (Best Red Wine)</u>
সিক্স মাইল ক্রিক ভিনইয়ার্ড, 2016 কেবারনেট ফ্রাঙ্ক

সেরা ডেজার্ট ওয়াইন (Best Dessert Wine)
ভিনইয়ার্ড ভিউ ওয়াইনারি (Vineyard View Winery), 2017 আইস ওয়াইন (2017 Ice Wine)

"সেরা শ্রেণি" পুরস্কারগুলোর ডাবল গোল্ড বা গোল্ড পদক অন্তত সাতটি মদের শ্রেণিতে যায়:

সেরা ওক সমৃদ্ধ চারডনে (Best Oaked Chardonnay)
লিব সেলার্স (Lieb Cellars), 2018 চারডনে (2018 Chardonnay)

সেরা ওক বিহীন চারডনে (Best Unoaked Chardonnay)
টরো রান ওয়াইনারি (Toro Run Winery), 2018 চারডনে, স্টেট গ্রোন

সেরা সার্বিক চারডনে (Best Overall Chardonnay)
লিব সেলার্স, 2018 চারডনে

সেরা গেওয়ার্ডজট্রমাইনার (Best Gewurztraminer)
শেলড্রেক পয়েন্ট ওয়াইনারি (Sheldrake Point Winery), 2017 গেওয়ার্ডজট্রমাইনার (2017 Gewurztraminer), এস্টেট গ্রোন

সেরা ড্রাই রিজলিং (Best Dry Riesling)
ওয়াগনার ভিনইয়ার্ডস, 2017 ড্রাই রিজলিং, স্টেট গ্রোন

সেরা মাঝারি ড্রাই রিজলিং (Best Medium Dry Riesling)
বেইটিং হলো ফার্ম ভিনইয়ার্ড (Baiting Hollow Farm Vineyard), 2015 রিজলিং (2015 Riesling)

সেরা মাঝারি সুইট রিজলিং (Best Medium Sweet Riesling)
অ্যান্থনি রোড ওয়াইন কোম্পানি (Anthony Road Wine Company), 2015 রিজলিং

সেরা সার্বিক রিজলিং (Best Overall Riesling)
ওয়াগনার ভিনইয়ার্ডস, 2017 ড্রাই রিজলিং, স্টেট গ্রোন

সেরা পয়েন্ট গ্রিস (Best Pinot Gris)
দ্য লেঞ্জ ওয়াইনারি (The Lenz Winery), 2015 পয়েন্ট গ্রিস (2015 Pinot Gris)

সেরা সভিনিয়ন ব্লাঙ্ক (Best Sauvignon Blanc)
হসমার ওয়াইনারি (Hosmer Winery), 2018 সভিনিয়ন ব্লাঙ্ক (2018 Sauvignon Blanc)

সেরা অন্যান্য হাইব্রিড হোয়াইট ভেরাইটাল (Best Other Hybrid White Varietal)
ডিয়ার রান ওয়াইনারি (Deer Run Winery), অ্যারোমেলা (Aromella)

সেরা অন্যান্য দেশি হোয়াইট ভেরাইটাল (Best Other Native White Varietal)
লেকউড ভিনইয়ার্ডস (Lakewood Vineyards), 2018 নায়াগ্রা (2018 Niagara)

সেরা রোজ
কফি পট সেলার্স, 2018 রোজ

সেরা কেবারনেট সভিনিয়ন (Best Cabernet Sauvignon)
দ্য লেঞ্জ ওয়াইনারি (The Lenz Winery), 2013 কেবারনেট সভিনিয়ন (2013 Cabernet Sauvignon)

সেরা মার্লট (Best Merlot)
ক্লোভিস পয়েন্ট (Clovis Point), 2015 ভিন্টনার্স সিলেক্ট মার্লট (2015 Vintners Select Merlot)

সেরা কেবারনেট ফ্রাঙ্ক (Best Cabernet Franc)
সিক্স মাইল ক্রিক ভিনইয়ার্ড, 2016 কেবারনেট ফ্রাঙ্ক

সেরা মারকেট (Best Marquette)
ভিক্টরি ভিউ ভিনইয়ার্ড (Victory View Vineyard), 2015 ইন্ডেপেন্ডেন্স (2015 Independence)

সেরা সায়রাহ্ (Best Syrah)
হার্বস ভিনইয়ার্ড, 2015 সায়রাহ্ (2015 Syrah)

সেরা লাল ভিনিফেরা ব্লেন্ড (Best Red Vinifera Blend)
অস্প্রে'স ডমিনিয়ন ভিনইয়ার্ডস (Osprey's Dominion Vineyards), 2013 ফ্লাইট মেরিটেজ (2013 Flight Meritage), এস্টেট গ্রোন

সেরা অন্য লাল ভিনিফেরা ভেরাইটাল (Best Other Red Vinifera Varietal)
ক্লোভিস পয়েন্ট, 2017 পেটিট ভার্টড (2017 Petit Verdot)

সেরা অন্য লাল হাইব্রিড ভেরাইটাল (Best Other Red Hybrid Varietal)
ভিজকারা ভিনইয়ার্ডস অ্যাট বেকার ফার্মস (Vizcarra Vineyards at Becker Farms), 2018 কুয়েকার রেড রুজিয়ন (2018 Quaker Red)

সেরা রেড ব্লেন্ড (Best Red Blend) (অ-ভিনিফেরা)

মন্টেজুমা ওয়াইনারি (Montezuma Winery), NV ক্যানভাসব্যাক রেড (NV Canvasback Red)

সেরা লেট হারভেস্ট (Best Late Harvest)
কলোকা এস্টেট ওয়াইনারি (Colloca Estate Winery), 2017 ডলস রিজলিং লেক এফেক্ট ভিনইয়ার্ড ® (2017 Dolce Riesling Lake Effect Vineyard ®)

সেরা বরফ মদ (Best Ice Wine)
ভিনইয়ার্ড ভিউ ওয়াইনারি, 2017 আইস ওয়াইন

সেরা ঐতিহ্যগত পদ্ধতির সফেন মদ (Best Traditional Method Sparkling)
হার্বস ভিনইয়ার্ড, ব্লাঙ্ক ডি ব্লাঙ্কস

সেরা ফোর্সড কার্বনেশন পদ্ধতির সফেন মদ (Best Forced Carbonation Method Sparkling)
টাগ হিল ভিনইয়ার্ডস (Tug Hill Vineyards), 2018 বাবলি ব্লাশ (2018 Bubbly Blush)

সেরা ফর্টিফাইড ওয়াইন (Best Fortified Wine)
অ্যানিয়েলা'স ভিনইয়ার্ডস (Anyela's Vineyards), 2009 ফাইনাল অ্যাপ্রোচ (2009 Final Approach)

সেরা ফলের মদ (Best Fruit Wine)
জনসন এস্টেট ওয়াইনারি LLC (Johnson Estate Winery LLC), প্যাসোনেট পিচ (Passionate Peach)

নিউইয়র্ক অঙ্গরাজ্যের কৃষি ও বাজার (Agriculture and Markets) কমিশনার রিচার্ড এ. বল বলেন, "নিউইয়র্ক ওয়াইন ক্লাসিকের বিজয়ী এবং অংশগ্রহণকারীদের সবাইকে অভিনন্দন। এই সম্মানজনক বার্ষিক প্রতিযোগিতা অঙ্গরাজ্যের ক্রমবর্ধমান সংখ্যক বিশ্ব-মানের মদ প্রস্তুতকারক এবং এই অনন্য ভেরাইটাল তৈরিতে ব্যবহৃত উপাদানগুলির উৎপাদনকারী আমাদের কৃষি ভিত্তিক কমিউনিটির উপর আলোকপাত করে। আমাদের মদ শিল্পের প্রতি গভর্নর কুওমো'র সহায়তার ফলে আজকের বাজারে প্রাপ্য সেরা কয়েকটি পণ্য অব্যাহতভাবে উৎপাদন করা সম্ভব হচ্ছে।"

এম্পায়ার স্টেট বিকাশ (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "ক্ষুদ্র পানীয় শিল্পে প্রবেশের পরিকল্পনাকারীদের জন্য এবং এই বিকাশমান শিল্প কিভাবে কর্মসংস্থান সৃষ্টি করে আঞ্চলিক অর্থনীতিতে সহায়তা করছে তা প্রত্যক্ষ করার ক্ষেত্রে নিউইয়র্ক অঙ্গরাজ্যের বিশ্ব-মানের মদ এবং মদ প্রস্তুতকারকরাই সবচেয়ে উপযোগী। এ বছরের সমস্ত বিজয়ীকে অভিনন্দন।"

নিউইয়র্ক অঙ্গরাজ্যের সুরা কর্তৃপক্ষের (New York State Liquor Authority) চেয়ারম্যান ভিনসেন্ট ব্র্যাডলি বলেন, "নিউইয়র্ক ওয়াইন ক্লাসিক প্রতিযোগিতা নিউইয়র্কের সমৃদ্ধ মদ শিল্পকে

সহায়তা করার ও এগিয়ে নেয়ার ক্ষেত্রে আবারও গভর্নর কুওমো'র অব্যাহত প্রতিশ্রুতিই তুলে ধরে। আমি আজকের সমস্ত বিজয়ীকে অভিনন্দন জানাই, যারা বিশ্বমানের মদ প্রস্তুত করে আমাদের অঙ্গরাজ্য জুড়ে কমিউনিটিগুলোতে বিশাল অর্থনৈতিক প্রভাব ফেলছে।"

সিক্স মাইল ক্রিক ভিনইয়ার্ডের মালিক মার্ক রেনোডিন বলেন, "আমরা এখানে সিক্স মাইল ক্রিক ভিনইয়ার্ডে গভর্নর'স কাপ জিতে অত্যন্ত সম্মানিত বোধ করছি। আমার স্ত্রী অ্যামি এবং আমি চার বছর আগে সিক্স মাইল ক্রিকের দায়িত্ব নেয়ার সময় মদ এবং সাধারণভাবে ফিঙ্গার লেকসের প্রতি গভীর আগ্রহ ছিল। এটা আমাদের জন্য মদ তৈরি করার লক্ষ্যের প্রতি এক স্বীকৃতি। আমরা এবং এটা সম্ভব করতে সহায়তাকারী আমাদের ওয়াইনমেকার পল কিং আমাদের সমস্ত কর্মীকে ধন্যবাদ জানাতে চাই।"

ওয়াগনার ক্রিক ভিনইয়ার্ডের মালিক জন ওয়াগনার বলেন, "আমরা এ বছরের নিউইয়র্ক ওয়াইন ক্লাসিকে উইনারি অব দ্য ইয়ার এর সম্মান পেয়ে অত্যন্ত গর্বিত। আমাদের দলটি চল্লিশ বছর ধরে শ্রেষ্ঠত্বের জন্য প্রচেষ্টায় অক্লান্ত পরিশ্রম করেছে - ওয়াগনার ভিনইয়ার্ডে কি অসাধারণ পন্থায় মৌসুমের সমাপ্তি উদযাপন!"

2019 ক্লাসিকের ফলাফলের একটি পূর্ণ তালিকা রয়েছে এখানে।

দায়িত্ব নেয়ার পর থেকে গভর্নর কুওমো নিউইয়র্কের ক্ষুদ্র পানীয় শিল্পের বিকাশ এবং নতুন আইন, বিধিবিধান সংস্কার, যুগোপযোগী উদ্যোগ এবং প্রচারাভিযানের মাধ্যমে অভূতপূর্ব বিকাশের পথ প্রশস্ত করার প্রচেষ্টা নিয়োগে নেতৃত্ব দিয়েছেন। বর্তমানে অঙ্গরাজ্য জুড়ে 361 টি মদ প্রস্তুতকারক খামার-সহ 458 টি লাইসেন্সধারী প্রস্তুতকারক রয়েছে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন